দৈনিক ইত্তেফাক

তারিখ 19 SEP 1993
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৫ ...

153

# প্রেসিডেন্ট সকাশে প্রাথমিক শিক্ষক প্রতিনিধি দল

বাসস ।। প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস সমাজ হইতে দ্রুত নিরক্ষরতা দূরীকরণে সন্তানদের শিক্ষিত করিতে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়াছেন। তিনি বলিয়াছেন, বুদ্ধিবৃত্তি ক্ষমতা এবং শিক্ষার হার বৃদ্ধির মাধ্যমেই কেবল দেশ অগ্রগতি ও সমৃদ্ধি অর্জন করিতে পারে। গণশিক্ষা আমাদের জীবনমান উন্নয়নে সাহায্য করিতে পারে। গতকাল বঙ্গভবনে প্রাথমিক শিক্ষক সমিতির ৬৫ সদস্যের একটি দল প্রেসিডেন্টের সাথে দেখা করিতে গেলে তিনি একথা বলেন। দলের নেতৃত্ব দেন সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ। প্রেসিডেন্ট বলেন, বর্তমান সরকার সাধারণ মানুষের অগ্রগতি ও কল্যাণের জন্য কঠোর পরিশ্রম করিতেছেন। বর্তমান সরকার স্বল্পসময়ের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে, বিশেষ করিয়া অর্থনৈতিক ক্ষেত্রে অগ্রগতি অর্জন করিয়াছে। সমিতির সভাপতি তাহাদের বিভিন্ন সমস্যা প্রেসিডেন্টকে অবহিত করেন। প্রেসিডেন্ট তাহাদের সমস্যাবলী দেখার আশ্বাস দিয়াছেন।

SHEET —— OF —— SHEETS